(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
জেলা প্রশাসকের কার্যালয়
www.sylhet.gov.bd

**নম্বর:** ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.২৪.৯৪৮

তারিখ: ৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ-এর ০৫ মার্চ ২০২৪ তারিখের ৪৬.০১৮.০১১.০০.০০.০০১.১১(অংশ-১).১৪০ নম্বর স্মারক ও ১৪ মার্চ ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭(অংশ-৩).১৬৩ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক সিলেট জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগ/প্যানেল তৈরির জন্য সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক অনলাইনে (http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব | গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন) | ০৭(সাত)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/ সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ০২ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬ ৯,৩০০ - ২২,৪৯০- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন) | ২৮(আটাশ)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ সহকারে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ। |

শর্তাবলী:

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ অনুসরণ করা হবে।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নম্বর স্মারক মতে প্রার্থীর বয়স গত ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর এবং আবেদনপত্র জমার শেষ তারিখ ২৭/০৭/২০২৪ তারিখে সর্বনিম্ন ১৮ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। একজন আগ্রহী প্রার্থী যোগ্যতা সাপেক্ষে উভয় পদের জন্য আবেদন করতে পারবেন।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৬। আবেদনকারীকে তার সকল শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। ০১ নং ক্রমিকে পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ০২ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিসনদ/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির এক সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষায় দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের (মূলকপি) তালিকাঃ

ক) সকল সনদ/প্রত্যয়ন/ অনাপত্তিপত্র।
খ) সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র।
ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) চাকরিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্র।
চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল, স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
ছ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।
০৯। লিখিত , মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান কর হবে না।
১০। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
১১। চাকুরীর বিষয়ে কোনো প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
১২। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।
১৩। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ন থাকবে।
১৪। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:
(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcsylhet.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i). Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/০৬/২০২৪ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা।
(ii). Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭/০৭/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ও মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy –তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ২০০.০০ (দুইশত) টাকা ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ (তেইশ) টাকা (অফেরতযোগ্য) মোট ২২৩.০০ (দুইশত তেইশ) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।
প্রথম SMS: DCSYLHETUser ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCSYLHET ABCDEF
Reply: Applicant's Name Tk. 223/-Will be Charged as application fee. Your PIN 12345678. To pay fee Type DCSYLHET YES PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCSYLHETYESPIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCSYLHET YES 12345678
Reply: Congratulation Application's Name payment completed successfully for DCSYLHET Application for post ×××××××××× USER ID is (ABCDEF) and Password (××××××××××).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
DCSYLHETHelpUserUser ID send to 16222.
Example: DCSYLHET Help User ABCDEF & Send to 16222

ii. PIN জানা থাকলে DCSYLHETHelpPINPIN NO send to 16222 Example: DCSYLHET Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.quary@teletalk.com.bd বা dcsylhet@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCSYLHET, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিলেট জেলার ওয়েবপোর্টাল www.sylhet.gov.bd এবং http://dcsylhet.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www. sylhet.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

* ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষায় পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জেলা প্রশাসক
সিলেট এর ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

জেলা প্রশাসক
সিলেট এর টেলিটক
পোর্টালের QR Code

২৩-০৬-২০২৪
শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।
০২৯৯৬৬৩২১৯০
dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.২৪.৯৪৮/১ (১৪)

তারিখ: ৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ;
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।;
৩। জেলা প্রশাসক (সকল),...............................জেলা;
৪। পুলিশ সুপার, সিলেট;
৫। সিভিল সার্জন, সিলেট;
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট;
৭। ----------------------------------------------------- ও সদস্য, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।;
৮। জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সিলেট জেলা তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।;
৯। চেয়ারম্যান-------------------------------উপজেলা পরিষদ (সকল), সিলেট।তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।;
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।;
১১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা । তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।;
১২। মেয়র ........................................... পৌরসভা ( সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।;
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট তাকে বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এবং
১৪। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সিলেট বাণী/দৈনিক যুগান্তর/ Daily Bangladesh Post, তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় উপযুক্ত পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকাশিত পত্রিকার পাঁচ কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।।

২৩-০৬-২০২৪
শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।